

# সংশোধিত গ্রাম আদালত আইনের খসড়ায় নীতিগত অনুমোদন মন্ত্রিসভার

সমকাল প্রতিবেদক

০ প্রকাশ: ২৫ জুলাই ২২ | ১৫:১২ | আপডেট: ২৫ জুলাই ২২ | ১৫:১২



'গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২২'-এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। আজ সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়।

বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে যুক্ত হন তিনি।

বৈঠকের পর মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এ বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন।

তিনি জানান, বৈঠকে 'বাংলাদেশ শিল্প-নকশা আইন, ২০২২'-এর খসড়ারও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া 'সামুদ্রিক মৎস্য আহরণ নীতিমালা, ২০২২'-এর খসড়ারও অনুমোদন দেওয়া হয়েছে বৈঠকে।

মন্ত্রিপরিষদ সচিব আরও জানান, বাংলাদেশ ও রুয়ান্ডার মধ্যে স্বাক্ষরের লক্ষ্যে দ্বিপাক্ষিক বিমান চলাচল সংক্রান্ত চুক্তির খসড়াও অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

ভিডিও ✕

([https://www.youtube.com/sub\\_confirmation=SUBSCRIBE\\_YOUTUBE](https://www.youtube.com/sub_confirmation=SUBSCRIBE_YOUTUBE))  
([https://www.youtube.com/sub\\_confirmation=1](https://www.youtube.com/sub_confirmation=1))